

ভর্তি

একাদশে ভর্তিতে ফি জমার নতুন নির্দেশনা

নিজস্ব প্রতিবেদক

প্রকাশ: ২৫ আগস্ট ২০২৫, ১৭: ৩০



X

একাদশে ভর্তিতে দ্বিতীয় পর্যায়ে আবেদন চলছে। প্রথম আলো ফাইল ছবি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তি কার্যক্রমের দ্বিতীয় পর্যায়ে শিক্ষার্থীদের আবেদন শেষ হচ্ছে আজ সোমবার (২৫ আগস্ট)। আজ রাত ৮টা পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবেন শিক্ষার্থীরা। আবেদন ফির তথ্য পেমেন্ট সার্ভার থেকে আবেদনের পোর্টালে আসতে কিছুটা সময় লাগে তাই যথেষ্ট সময় হাতে রেখে আবেদন ফি জমা দেয়ার নির্দেশ দেওয়া হয়েছে। আজ সোমবার (২৫ আগস্ট) একাদশে ভর্তির কেন্দ্রীয় ওয়েবসাইটে এ তথ্য জানানো হয়েছে।

ওয়েবসাইটে বলা হয়েছে, অনলাইনে দ্বিতীয় পর্যায়ে শিক্ষার্থীদের আবেদনের মেয়াদ আজ সোমবার (২৫/৮/২০২৫ তারিখ) রাত ৮ টা পর্যন্ত। নির্ধারিত সময়ের পরে আবেদন গ্রহণ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। যেহেতু আবেদন ফি জমা দেওয়ার পরেই কেবল আবেদন করা যায় এবং আবেদন ফি এর তথ্য পেমেন্ট সার্ভার থেকে আবেদনের পোর্টালে আসতে কিছুটা সময় লেগে যায়, তাই যথেষ্ট সময় হাতে রেখে আবেদন ফি প্রদানের নির্দেশনা দেওয়া হচ্ছে। এছাড়া সার্ভারের সময়ের সাথে আবেদনকারীর কম্পিউটারের সময়ের কিছু তারতম্য থাকতে পারে বিধায় যথেষ্ট সময় হাতে রেখে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করার নির্দেশনা দেওয়া হচ্ছে।

